সীমিত পৃথিবীতে ন্যায্য হিস্যা

POVERTY

Christian Aid/Tom Pilston

ক্রিশ্চিয়ান এইড এর পার্টনার সিসিডিবি থেকে ঋণ, প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা পেয়ে কলিগ্রাম গ্রামের মনোরমা কুন্ড এবং তার পরিবারের সদস্যরা যৌথ ব্যাংক একাউন্ট ও সঞ্চয়সহ কমিউনিটি ভিত্তিক ব্যবসায়ী দল গঠন করেছে। এর মাধ্যমে মনোরমা একটি মুরগির খামার ও একটি মুদি দোকানের মালিক হয়েছে যা তার ছেলে-মেয়েদের পড়ালেখার খরচ চালাতে সাহায্য করছে।

ভূমিকা

পৃথিবীর সবচেয়ে জলবায়ু ঝুঁকিপূর্ণ ও প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশগুলোর মধ্যে অন্যতম বাংলাদেশ । এই চ্যালেঞ্জগুলোর সাথে বাড়তি হিসেবে বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক প্রক্রিয়া দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর সম্পদে অভিগম্যতা, বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা, প্রতিক্রিয়া ও জীবনের উপর নিয়ন্ত্রণ ফিরে পাওয়া, নিজেদের অবস্থানের উন্নয়নের জন্য দাবি জানানো এবং দারিদ্রতার বিরুদ্ধে কার্যকর সংগ্রামকে অনেক কঠিন করে তুলেছে।

সহনীয় ভবিষ্যতের জন্য জীবিকা পরিবর্তন

ক্রিশ্চিয়ান এইড এর লক্ষ্য জলবায়ু পরিবর্তন অভিযোজন, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, দূর্যোগে জরুরি সাড়াদান (মানবিক মূল্যবোধ, ব্যাপৃত ও যৌথ মানবিক জবাবদিহিতা (HAP Certified), দরিদ্র-বান্ধব বাজার অভিগম্যতা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিকভাবে বঞ্চিত জনগোষ্ঠীর অর্থনৈতিক ন্যায়বিচার ও নিশ্চিন্ত জীবিকায়নে সহায়তা করা।

সহনীয় জীবিকায়ন সম্পর্কিত আমাদের কার্যক্রম জনগোষ্ঠীকে সমৃদ্ধশালী করতে সহায়তা করে যেখানে জনগণের অধিকতর আয়, খাদ্য নিরাপত্তা এবং চরম জলবায়ু অনিশ্চয়তা ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় উন্নত অভিযোজন ক্ষমতা থাকবে। আমাদের সহনীয় জীবিকায়ন কার্যক্রমের মুলে রয়েছে জেন্ডার ও ক্ষমতার বিশ্লেষণ এবং নারী, দলিত ও সংখ্যালঘুদের পরিচিয়ভিত্তিক বৈষম্য মোকাবেলায় আমাদের ও পার্টনারদের জবাবদিহিতা নিশ্চিত করা। আমরা বঞ্চিত নারীদেরকে জলবায়ু পরিবর্তন অভিযোজন, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা এবং দূর্যোগে জরুরি সাড়াদান ইত্যাদি বিষয়ে কারিগরী দক্ষতা, জ্ঞান এবং সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করব এবং অধিকার ও সুযোগ-সুবিধা আদায়ে তাদেরকে ক্ষমতায়িত করব।

দরিদ্রদের অধিকতর বাজার অভিগম্যতা, উৎপাদিত পণ্যের মূল্যমান বৃদ্ধি, সঞ্চয়সহ পরিবারের সম্পদ ও সম্পদের ভোগ বৃদ্ধিতে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে ক্রিশ্চিয়ান এইড জনগণের জন্য লাভজনক ও সহনীয় জীবিকায়ন নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। ভুমিসহ উৎপাদনশীল সম্পদের উপর জনগণের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায়ও আমরা সহায়তা করব। অংশগ্রহণমূলক বাজার ব্যবস্থা উন্নয়ন ও দরিদ্র-বান্ধব বাজার উন্নয়ন পন্থা প্রয়োগ করে মধ্যস্থতাকারী হিসেবে ভোক্তা ও ব্যবসায়ীদের সাথে ক্ষুদ্র উৎপাদনকারীর সম্পর্ক তৈরী করে বঞ্চিত নারীদের আর্থ-সামাজিক ক্ষমতায়নে পদক্ষেপ গ্রহণ করব। প্রান্তিক ক্ষুদ্র উৎপাদনকারী বিশেষ করে নারীরদের জন্য লাভজনক ও সহনীয় জীবিকায়ন নিশ্চিত করার জন্য ক্রিশ্চিয়ান এইড জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে ফলপ্রসু নীতি কাঠামো তৈরির জন্য এডভোকেসি করবে।

christian aid

Christian Aid/Genevieve Lomax

জলবায়ু পরিবর্তনের প্রভাবে সাগরের উচ্চতা বৃদ্ধি এবং নদী ভরাট হয়ে যাওয়ায় বাংলাদেশের দক্ষিণ পশ্চিম উপকুলের সাতক্ষীরা জেলায় জলাবদ্ধতা ও লবনাক্ততা বৃদ্ধির মূল কারণ। ঘূর্ণিঝড় আইলার আঘাতে সরকার নির্মিত কিছু বাঁধ ভেঙে যায়। ক্রিশ্চিয়ান এইড এর পার্টনার সুশীলন ক্ষতিগ্রস্ত এলাকায় বাঁধ পুর্ননির্মানে ‘অর্থের বিনিময়ে কাজ’ কর্মসূচী পরিচালনা ও স্থানীয় জনগণকে সহায়তা করে।

আমরা আরো যা করবো

জীবিকাসংশ্লিষ্ট ঝুঁকি ও সুযোগের অংশগ্রহণমূলক বিশ্লেষণ পরিচালনার মাধ্যমে জলবায়ু পরিবর্তন অভিযোজন সম্পর্কে জনগণের সক্ষমতা তৈরি এবং এবিষয়ে সাড়াপ্রদানে যথাযথ পদক্ষেপ নিতে তাদের সহায়তা করব।

যে কোন দুর্যোগ আক্রান্ত কমিউনিটিতে ৭২ ঘন্টার মধ্যে যাতে সাড়া দিতে পারে সেভাবে আমাদের পার্টনারদেরকে প্রস্তুত এবং উদ্ধার ও পুনর্বাসন পর্যন্ত সহায়তা অব্যাহত রাখা হবে।

কমিউনিটি-ভিত্তিক দুর্যোগ প্রস্তুতি পরিকল্পনা তৈরিতে সহায়তা করা হবে এবং জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি কমিয়ে দূর্যোগে যথাযথ সাড়া প্রদান করতে প্রাক-সতর্কতা পদ্ধতি যাতে থাকে তা নিশ্চিত করা হবে।

মানবিক কার্যক্রমের নতুন পন্থা অনুসন্ধান করা হবে, বিভিন্ন নেটওয়ার্ক, কনসোর্টিয়াম ও এলায়েন্স যেমন এইচসিটিটি, আইএনজিও ফোরাম, দিশারী ইত্যাদিতে যোগদান এবং আমাদের জলবায়ু পরিবর্তন অভিযোজন, দুর্যোগ ঝুঁকি প্রশমন এবং টেকসই উন্নয়ন প্রচেষ্টার সাথে মানবিক কার্যক্রম যুক্ত করা হবে।

দীর্ঘদিনের পার্টনারদের মাধ্যমে ক্রিশ্চিয়ান এইড স্থানীয় ও জাতিয় পর্যায়ে জনগণের কাছে পৌঁছেছে। বাংলাদেশে বর্তমানে আমরা যাদের সাথে কাজ করছি

- অগ্রযাত্রা - কক্সবাজার জেলা
- বাংলাদেশ ডিজাস্টার প্রিপারেডনেস সেন্টার (বিডিপিসি)- বাগেরহাট জেলা
- বাংলাদেশ সেন্টার ফর অল্টারনেটিভ স্টাডিজ (বিসিএএস)- জাতীয় পর্যায়ে
- বাংলাদেশ উন্নয়ন পরিষদ - জাতীয় পর্যায়ে
- ইনসিডিন বাংলাদেশ - বাগেরহাট জেলা
- ক্রিশ্চিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি)- পাবনা, নওগাঁ, গোপালগঞ্জ এবং বরিশাল জেলা
- চার্চেজ অব বাংলাদেশ সোশ্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিবিএসডিপি)- বরিশাল এবং গোপালগঞ্জ জেলা
- দুস্থ্য স্বাস্থ্য কেন্দ্র - খুলনা জেলা
- গণ উন্নয়ন কেন্দ্র - গাইবান্ধা জেলা
- পিপলস অরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি) - সুনামগঞ্জ জেলা
- সুজাতপুর ডেভেলপমেন্ট সোসাইটি - শরীয়তপুর জেলা
- সুশীলন - সাতক্ষীরা জেলা

সহনীয় জীবিকায়ন কার্যক্রমের মাধ্যমে ২০১২ সালে ক্রিশ্চিয়ান এইড বাংলাদেশ প্রায় ১০,০০০ পরিবারের কাছে পৌঁছেছে এবং আমাদের লক্ষ্য ২০১৪ সালের মধ্যে ১০০,০০০ এর বেশি ব্যক্তির কাছে পৌঁছানো। ২০১২ সালে প্রাকৃতিক দুর্যোগে মানবিক সাড়া প্রদানের মাধ্যমে আমরা ১৫,০০০ পরিবারের কাছে পৌঁছেছি।

আমাদের পার্টনার অগ্রযাত্রা এবং গণ উন্নয়ন কেন্দ্র এর মাধ্যমে দুটি ইকো-২ প্রকল্প আমরা বাস্তবায়ন করছি এবং প্রথমবারের মতো ক্রিশ্চিয়ান এইড বাংলাদেশ দিশারী কনসোর্টিয়ামের অধীনে সিসিডিবি এর মাধ্যমে ডিইপিকো-৩ প্রকল্প বাস্তবায়ন প্রায় সম্পন্ন করতে যাচ্ছি।

যোগাযোগ

ক্রিশ্চিয়ান এইড
এফ-৩, বাড়ি নং: ১/এ (৪র্থ তলা),
রোড নং: ৩৫,
গুলশান-২
ঢাকা-১২১২।

ইমেইল: bangladesh-info@christian-aid.org
ওয়েবসাইট: christianaid.org.uk/bangladesh

সূত্র

১. Practicalaction.org/পার্টিসিপেটরি মার্কেট সিস্টেম্স ডেভেলপমেন্ট

২. ECHO ইউরোপিয়ান কমিশনের অধীনে হিউম্যানিটারিয়ান এইড এন্ড সিভিল প্রোটেকশন ডিপার্টমেন্ট

৩. DIPECHO ইউরোপিয়ান কমিশনের ডিজাস্টার প্রিপারডনেস প্রোগ্রাম

যুক্তরাজ্যে চ্যারিটি নম্বর ১১০৫৮৫১, কোম্পানি নম্বর ৫১৭১৫২৫, স্ক‌ট চ্যারিটি নম্বর এসসি০৩৯১৫০, এনআই চ্যারিটি নম্বও এক্সআর ৯৪৬৩৯ কোম্পানি নম্বর এনআই০৫৯১৫৪, আরওআই চ্যারিটি নম্বর সিএই্চওয়াই ৬৯৯৮ কোম্পানি নম্বও ৪২৬৯২৮

বাংলাদেশ এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো রেজি: নম্বর ১৫৭৯, ২৫/০৫/২০০০
ক্রিশ্চিয়ান এইড নাম ও লোগো এবং পোভার্টি ওভার ক্রিশ্চিয়ান এইড এর ট্রেডমার্ককৃত